ই-মেইল/জিইপি/বাহক

**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, কুমিল্লা
এস.ইসলাম পার্ক ভিউ, ১৫২/১, পার্ক রোড, ছোটরা, কুমিল্লা-৩৫০০
www.cevccomilla.gov.bd

## সাধারণ বিজ্ঞপ্তি/নোটিশ

বিষয়: চোরাচালানের অভিযোগে আটককৃত পণ্যের মালিকানা/দাবীদারকে এ দপ্তর বরাবর মালিকানা দাবী করে (যদি কেউ থাকে) আবেদন করার অনুরোধ সম্বলিত বিজ্ঞপ্তি।

সূত্র: শুল্ক গুদাম, আখাউড়া, ব্রাহ্মণবাড়িয়া এর জি.আর. নম্বর: ৭১৪/২০২৬, তারিখ: ০৭/০৫/২০২৬ খ্রিঃ।

| | |
|---|---|
| আটককারী কর্তৃপক্ষ | : ২৫ বর্ডার গার্ড বাংলাদেশ, সরাইল ব্যাটালিয়, ব্রাহ্মণবাড়িয়ার সদস্যগণ। |
| আটকের স্থান | : ইব্রাহিমপুর, বিজয়নগর, ব্রাহ্মণবাড়িয়া নামক স্থান । |
| আটকের তারিখ ও সময় | : গত ০৭-০৩-২০২৬ খ্রিস্টাব্দ তারিখ আনুমানিক ০৫:০০ ঘটিকা। |
| আটককৃত মালামাল ও গাড়ির সংক্ষিপ্ত বর্ণনা | : ভারতীয় বিভিন্ন প্রকারের পণ্য। |
| আটককৃত মালামাল যে গুদামে জমা নেয়া হয় নাম ও তারিখ | : শুল্ক গুদাম আখাউড়া, ব্রাহ্মণবাড়িয়া, তারিখ: ০৭-০৫-২০২৬ খ্রিস্টাব্দ। |
| আটককৃত পণ্যের কাস্টমস গুদাম কর্মকর্তা কর্তৃক নিরুপিত মূল্য | : ১৮,৫৮,৮২৯/-(আঠারো লক্ষ আটান্ন হাজার আটশত উত্রিশ টাকা) । |

সূত্রীয় জি.আর.ভুক্ত মামলার প্রতিবেদনের প্রেক্ষিতে এই মর্মে আপনি/আপনাকে জানানো যাচ্ছে যে, গত ০৭-০৩-২০২৬ খ্রিস্টাব্দ তারিখ আনুমানিক ০৫:০০ ঘটিকায় জনাব সমীর চন্দ্র পাল, সুবেদার, সরাইল ব্যাটালিয়ন (২৫ বিজিবি) অন্যান্য সদস্যগণকে নিয়ে গোপন সংবাদের ভিত্তিতে চোরাচালান প্রতিরোধের উদ্দেশ্যে টহলে বের হন। টহলকালে ইব্রাহিমপুর, বিজয়নগর, ব্রাহ্মণবাড়িয়া নামক স্থানে থেকে পন্যসমূহ মালিকবীন অবস্থায় আটক করা হয়। পরবর্তীতে আটককারী সংস্থা কর্তৃক উপস্থিত লোকজন ও সাক্ষীগণের সামনে চোরাইপথে আনিত ভারতীয় বিভিন্ন প্রকারের পণ্য আটক করে আটক প্রতিবেদনসহ কাস্টমস আইন- ২০২৩ এর ধারা ১৯২ অনুযায়ী সূত্রীয় জি আর মূলে ল্যান্ড কাস্টমস স্টেশন আখাউরাতে অর্পণ করেন। আলোচ্য পণ্যচালানের কাস্টমস নিরুপিত মূল্য ১৮,৫৮,৮২৯/- (আঠারো লক্ষ আটান্ন হাজার আটশত উত্রিশ টাকা)। অত:পর ল্যান্ড কাস্টমস স্টেশন আখাউড়া, ব্রাহ্মণবাড়িয়ার সহকারী কমিশনার চোরাচালানের অভিযোগে দায়েরকৃত আটক মামলাটি নিস্পত্তির লক্ষ্যে এ দপ্তরে প্রেরণ করেন।

২। আটককৃত পণ্য শুল্ক করাদি পরিশোধ ব্যতিরেকে কাস্টমস আইন-২০২৩ এর ধারা ৮ ও ৯ অনুযায়ী ঘোষিত রুট পরিহার করে অবৈধ পথে দেশের অভ্যান্তরে আনায়ন করায় একই আইনের ধারা ২ (২৪) অনুযায়ী চোরাচালানের অপরাধ সংঘটিত হয়েছে। এরুপ কার্যক্রম কাস্টমস আইনের ধারা-১৭১ এর উপধারা-১ ক্রমিক নং-৬ ও ৭ অনুযায়ী শাস্তিযোগ্য।

৩। উল্লিখিত জিআর এ বর্নিত জব্দকৃত পণ্য এর কোন বৈধ মালিক/দাবিদার থাকলে আগামী দশ (১০) কার্যদিবসের মধ্যে যথাযথ প্রমাণক/দলিলাদিসহ এ দপ্তরে আবেদন করার জন্য অনুরোধ করা হলো। উল্লিখিত তারিখের মধ্যে যথাযথ দলিলাদি প্রমানকসহ মালিকানা দাবী করতে ব্যর্থ হলে আর কোন প্রকার নোটিশ ব্যতিরেকে মামলায় বর্ণিত সমুদয় আটককৃত পণ্য আইনানুগ নিস্পত্তি করা হবে।

Rahman 20/09/26
মাসুদুর রহমান
রাজস্ব কর্মকর্তা
যুগ্ম কমিশনারের পক্ষে।
E-mail: cevccomilla@gmail.com

**বিতরণ:**
১. নোটিশ বোর্ড, সদর দপ্তর, কুমিল্লা (সদর দপ্তরের ওয়েব সাইড আপলোডসহ)
২. নোটিশ বোর্ড, ল্যান্ড কাস্টমস স্টেশন, আখাউড়া, ব্রাহ্মণবাড়িয়া।
৩. নোটিশ বোর্ড, শুল্ক গুদাম, আখাউড়া।

CamScanner